বাংলাদেশ ইন্টারন্যাশনালস্কুল এন্ড কলেজ, রিয়াদ বাংলা শাখাতে বাংলাদেশ সরকারের শিক্ষামন্ত্রী জনাব নুরুল ইসলাম নাহিদ এক ঝটিকা সফরে আসেন

রিয়াদের বাংলাদেশ ইন্টারন্যাশনাল স্কুল এন্ড কলেজে ঝটিকা সফরে এলে ১৫/২০ মিনিটের সংবর্ধনা সভায় বাংলাদেশ সরকারের মাননীয় শিক্ষামন্ত্রী নুরুল ইসলাম নাহিদ সংক্ষিপ্ত বক্তব্য রাখেন। সংবর্ধনা মঞ্চে ওনার বাম পার্শে রয়েছেন স্কুল এন্ড কলেজের ভারপ্রাপ্ত অধ্যক্ষ বাংলার শিক্ষক জনাব বদরুল আলম, ডানের তিনজনের সারিতে প্রথমেই রয়েছেন সউদী আরবে বাংলাদেশের মান্যবর রাষ্ট্রদুত মু. শহীদুল ইসলাম, বাংলাদেশ দুতাবাসের লেবার কাউন্সিলর জনাব হারুন অর রশীদ, এবং ঢাকা মাদ্রাসা ইন্সটিটিউশনের চেয়ারম্যান প্রফেসর আবদুল মালেক... **ছবিঃ এনা/ মরুপলাশ, রিয়াদ**

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় শিক্ষামন্ত্রী জনাব নুরুল ইসলাম নাহিদ ঝটিকা সফরে রিয়াদে এসেছিলেন এবং বাঙালি কমিউনিটির সবে ধন নীলমনি বাংলাদেশ ইন্টারন্যাশনাল স্কুল এন্ড কলেজ, রিয়াদ পরিদর্শন করলেন। ০৩ অক্টোবর ২০১১। বেলা তখন রিয়াদ সময় সাড়ে এগারটা। ওনার আগমন সংবাদ এবং স্কুল পরিদর্শন এর ব্যাপারে দুতাবাস থেকে এবং স্কুল এর পক্ষ থেকে আমাকে জানানো হয়নি। বলা যায় মরুপলাশ এবং আমেরিকান নিউজ এজেন্সি এনাকে ওনারা রীতিমতো 'ইগনোর' করেছেন। বাংলা স্কুল বরাবরই এমনটি করে আসছে। বঞ্চিত করছে মরুপলাশ এর মিলিয়ন পাঠকদের তথ্য জানার অধিকার থেকে। সে যাই হোক, সংবাদটি আমি সউদী স্পেশাল ব্রাঞ্চ থেকে পাই বেলা এগারটায়।

ঠিক তখনই আমার কর্মস্থল ন্যাশনাল গার্ড হেলথ এফেয়ার্স থেকে কক্ষচুত উল্কার মতো ছুটি। স্কুলটির বর্তমান অবস্থান হাইয়াল বদর সেফা ডিস্ট্রিকট এ । যার দুরত্ব আমার কর্মস্থল থেকে প্রায় ৭২ কিলোমিটার। রিয়াদ সিটির সর্ব দক্ষিণের হাইওয়ে ধরে বাতাসের বেগে গাড়ি চালিয়ে অবশেষে স্কুল পৌছি। তখন মাননীয় মন্ত্রীর স্কুল পরিদর্শন প্রায় সমাপ্তি পর্বে। ভাগ্য আমার সুপ্রসন্ন বলতেই হয়, স্কুলে ঢুকেই মাননীয় মন্ত্রী আমার সামনে পড়ে যান। সালাম দিয়ে নিজের নাম বলে কুশলাদির কয়েকটি শব্দ ব্যবহার করলাম। ঠিক সেই মুহুর্তেই মন্ত্রীর পাশে সউদী আরবে বাংলাদেশে রাষ্ট্রদুত মু. শহীদুল ইসলাম এগিয়ে এসে মন্ত্রী মহোদয়ের কাছে আমার পরিচয় করিয়ে দিলেন মধ্যপ্রাচ্যের প্রথম বাংলা প্রকাশনা মরুপলাশ এর সম্পাদক এবং স্কুলের একজন মোষ্ট সিনিয়র গার্ডিয়ান হিসেবে।

এ যাবতকালের বাংলাদেশের হতিহাসে এই একজন সৎ ও কর্তব্যনিষ্ঠ শিক্ষামন্ত্রীর সঙ্গে সরাসরি দেখা ও কিছু শব্দের বিনিয়ের যে সুযোগ হলো-তাতেই আমি আপদমস্তক আবেগ আপ্লুত ও অন্তবিহীন আনন্দিত। এর জন্য সীমাহীন ধন্যবাদ, কৃতজ্ঞতা থাকলো মান্যবর রাষ্ট্রদুত মু. শহীদুল ইসলামের জন্য। যিনি আমাকে এ সুযোগটি করে দিয়েছিলেন।

স্কুলের মোষ্ট সিনিয়র গার্ডিয়ান, মরুপলাশ এর প্রতিষ্ঠাতা সম্পাদক ও আন্তর্জাতিক সংবাদ সংস্থা এনার সউদী ব্যুরো চীফ ছড়াকার দেওয়ান আবদুল বাসেত প্রায় ১০০০ গার্ডিয়ানের পক্ষ হতে একটি সুতীব্র দাবী উচ্চারণ করে মন্ত্রী মহোদয়ের দৃষ্টি আকর্ষণ করেন। তিনি দাবীটি উপস্থাপন এভাবে করেন মাননীয় মন্ত্রী মহোদয় আমাদের প্রবাসী প্রজন্ম এমনিতে দেশের সকল কিছু থেকে বঞ্চিত হয়ে জাষ্ট এ্যাকুরিয়ামের মাছ হয়ে লু হাওয়ার দেশে গড়ে উঠছে। অথচ তারা এখান থেকে এইচ এস সি পাশ করে দেশের কোন মেডিকেল ও বিশ্ববিদ্যালয়ে সুযোগ করে নিতে পারে না। আমাদের সন্তানগন তাদের স্কুল থেকে প্রাপ্ত মেধা প্রকাশে ব্যর্থ হচ্ছে।

তাই আমাদের সুতীব্র দাবী এবং আন্তরিক অনুরোধ প্রবাসী স্কুলগুলোর জন্য দেশের বিশ্ববিদ্যালয়গুলোতে একটি কোটা ব্যবস্থা চালু করা হোক। এর উত্তরে মাননীয় মন্ত্রী জানালেন দেশের ছেলেমেয়েরা অত্যন্ত মেধাবী এবং সবাই ভর্তি পরীক্ষার মতো কঠিন মেধা পরীক্ষায় অংশগ্রহণ করে। সবাই যে কৃতকার্য হয় তেমন নয়, তবে ওরা প্রাণান্ত চেষ্টা করে। এ বিষয়ে আমি ভাববো এবং জাতির জনক তনয়া প্রধানমন্ত্রী শেখ হাসিনার সঙ্গে বিষয়টি নিয়ে আলোচনা করে দেখবো আপনাদের সন্তানদের জন্য সুন্দর একটি ব্যবস্থা করা যায় কিনা।

ছবিঃ এনা/ মরুপলাশ, রিয়াদ

রিয়াদের বাংলাদেশ ইন্টারন্যাশনাল স্কুল এন্ড কলেজএ বাংলাদেশ সরকারের শিক্ষামন্ত্রী জনাব নুরুল ইসলাম নাহিদ এর এক সংক্ষিপ্ত সংবর্ধনা সভাতে স্কুলের প্রায় ১,০০০ হাজার গার্ডিয়ানের পক্ষে স্কুল এন্ড কলেজ থেকে এইচ এস সি পাশ করা ছাত্রছাত্রীদের জন্য দেশের মেডিক্যাল ও বিশ্ববিদ্যালয়গুলোতে একটি কোটা সৃষ্টির দাবী উপস্থাপন করেন স্কুলের মোষ্ট সিনিয়র গার্ডিয়ান মরুপলাশ সম্পাদক ও আন্তর্জাতিক সংবাদ সংস্থা এনা সউদী ব্যুরোচীপ ছড়াকার দেওয়ান আবদুল বাসেত। **ছবিঃ এনা/ মরুপলাশ, রিয়াদ**

বাংলা স্কুলে সংক্ষিপ্ত পরিদর্শন শেষে বিদায়ের প্রাক্কালেস্কুল এন্ড কলেজের অংকের সিনিয় শিক্ষক জনাব আফজাল হোসেনের সঙ্গে মন্ত্রীমহোদয় করমর্দন করেন। তার পাশে রয়েছেন স্কুলের শিক্ষক জনাব রফিকুল ইসলাম ও রেদওয়ানুর রহমান। মন্ত্রী মহোদয়ের পেছনে রয়েছেন সউদী আরবে বাংলাদেশের মান্যবর রাষ্ট্রদুত মু. শহীদুল ইসলাম ও লেবার কাউন্সিলর জনাব হারুন অর রশীদ। মুহূর্তটি ক্যামেরায় বন্দী করে রাখছেন স্কুলের অংকনের শিক্ষক জনাব গোলাম ফারুক । **ছবিঃ এনা/ মরুপলাশ, রিয়াদ**

মন্ত্রী মহোদয় রিয়াদের বাংলা স্কুলে পরিদর্শনের সময় কয়েকটি ক্লাশরুম ঘুরে ঘুরে দেখেন। ছাত্র ছাত্রী ও স্কুল শিক্ষিকাদের সঙ্গে আন্তরিকতা নিয়ে কিছু শব্দ বিনিময় করেন। এ সময় মন্ত্রীমহোদয়ের সঙ্গে ছিলেন ঢাকা মাদ্রাসা ইনস্টিটিউশনের চেয়ারম্যান প্রফেসর আবদুল মালেক, মান্যবর রাষ্ট্রদুত মু. শহীদুল ইসলাম এবং স্কুল এন্ড কলেজের শিক্ষকগণ। **ছবিঃ এনা/ মরুপলাশ, রিয়াদ**

বাংলাদেশ সরকারের শিক্ষামন্ত্রী জনাব নুরুল ইসলাম নাহিদ এর সঙ্গে কিছুটা সময় কাটান মরুপলাশ সম্পাদক ও আন্তর্জাতিক সংবাদ সংস্থা এনা র সউদী ব্যুরোচীফ দেওয়ান আবদুল বাসেত। তিনি অত্র স্কুল এন্ড কলেজের একজন মোষ্ট সিনিয়র গার্ডিয়ানও। রিয়াদে প্রতিষ্ঠিত প্রবাসী বাঙালীদের এই একমাত্র অবলম্বন টিউশন নির্ভর স্কুল এন্ড কলেজটির দীর্ঘ দিনের শিক্ষা ও অবব্যবস্থাপনার সামগ্রিক চিত্রটি জনাব দেওয়ান বাসেত সংক্ষিপ্তাকারে মন্ত্রী মহোদয়ের কাছে তুলে ধরেন। **ছবিঃ এনা/ মরুপলাশ, রিয়াদ**

বাংলাদেশ সরকারের শিক্ষামন্ত্রী জনাব নুরুল ইসলাম নাহিদ এর সঙ্গে কিছুটা সময় কাটান মরুপলাশ সম্পাদক ও আন্তর্জাতিক সংবাদ সংস্থা এনা র সউদী ব্যুরোচীফ দেওয়ান আবদুল বাসেত। তিনি অত্র স্কুল এন্ড কলেজের একজন মোষ্ট সিনিয়র গার্ডিয়ানও। রিয়াদে প্রতিষ্ঠিত প্রবাসী বাঙালীদের এই একমাত্র অবলম্বন টিউশন নির্ভর স্কুল এন্ড কলেজটির দীর্ঘ দিনের শিক্ষা ও অবব্যবস্থাপনার সামগ্রিক চিত্রটি জনাব দেওয়ান বাসেত সংক্ষিপ্তাকারে মন্ত্রী মহোদয়ের কাছে তুলে ধরেন। এ সময় মন্ত্রী মহোদয় স্কুলের কয়েকজন শিক্ষিকার সঙ্গে কথা বলছিলেন। মন্ত্রীর বা পাশে ছিলেন মান্যবর রাষ্ট্রদুত, লেবার কাউন্সিলর হারুন অর রশীদ। পেছনে স্কুলের শিক্ষক মন্ডলী

ছবিঃ এনা/ মরুপলাশ, রিয়াদ

প্রবাসী প্রজন্ম স্কুলের ছোট ছোট কচি মুখগুলো মন্ত্রীকে ঘিরে ধরে কাছ থেকে একটু দেখার জন্য, হাত মেলানোর জন্য। মন্ত্রী বিষয়টি প্রাণভরে উপভোগ করেন। **ছবিঃ এনা/ মরুপলাশ, রিয়াদ**

প্রবাসী প্রজন্ম স্কুলের ছোট ছোট কচি মুখগুলো মন্ত্রীকে ঘিরে ধরে কাছ থেকে একটু দেখার জন্য, হাত মেলানোর জন্য। মন্ত্রী বিষয়টি প্রাণভরে উপভোগ করেন-২। **ছবিঃ এনা/ মরুপলাশ, রিয়াদ**

বাংলা স্কুলে ঝটিকা সফর শেষে মন্ত্রী মহোদয় বিদায় নিচ্ছিলেন আরো ২/৩টি কর্মসূচীতে যোগদানের জন্য।
ছবিঃ এনা/ মরুপলাশ, রিয়াদ

ফারুকঃ এনা, রিয়াদ প্রতিনিধি